গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ১০ মার্চ ২০১৫, ২৬ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ক্রিকেট বিশ্বকাপে প্রথমবারের মতো কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ
: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

২। মন্ত্রিসভার বৈঠকে যুব কল্যাণ তহবিল আইনের খসড়া অনুমোদন

৩। সব ব্যবসায়ীকে সমান হারে ভ্যাট দিতে হবে
: অর্থমন্ত্রীর সঙ্গে আইএমএফ প্রতিনিধিদলের বৈঠক

৪। বিশ্বমানের পণ্য উৎপাদন ছাড়া শিল্প উদ্যোগ টিকিয়ে রাখা কঠিন : শিল্পমন্ত্রী

৫। চলমান নাশকতায় সড়ক পরিবহণে ক্ষতি ৭০ কোটি টাকা
: সংসদে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। দেশে আর কোনো বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপনের অনুমতি নয় : শিক্ষামন্ত্রী

৭। রেল যোগাযোগের আওতায় আসছে দেশের ৬৪ জেলা

৮। দেশের ব্যাংকিং খাত স্থিতিশীল : কেন্দ্রীয় ব্যাংক

৯। হিমাগার প্রকল্পে নতুন ঋণ বিতরণে শর্ত শিথিল

১০। বাড়ছে সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স

চলমান পাতা/২

১। ক্রিকেট বিশ্বকাপে প্রথমবারের মতো কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ

: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

স্বপ্নই জিতে নিল বাংলাদেশ। ইংল্যান্ডকে ১৫ রানে হারিয়ে প্রথমবারের মতো বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে উঠে ইতিহাস গড়ল বাংলাদেশ। যাঁদের আত্মত্যাগে এ দেশ সেই মুক্তিযোদ্ধাদের উৎসর্গও করে দিলেন গতকালের জয়। বিশ্বকাপ ক্রিকেটে এক দুর্দান্ত জয়ে কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করায় বাংলাদেশ দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-জনকণ্ঠ, ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, ইনকিলাব, সমকাল, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন, নিউজ টুডে, বাংলাদেশ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে সচিত্র লিড নিউজ ছেপেছে।

২। মন্ত্রিসভার বৈঠকে যুব কল্যাণ তহবিল আইনের খসড়া অনুমোদন

স্বেচ্ছাসেবী যুব সংগঠনগুলোকে অনুদান দেওয়ার বিধান রেখে যুব কলাণ তহবিল আইন-২০১৫ এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। গতকাল ৯ মার্চ সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এটি অনুমোদন দেওয়া হয়। বিদ্যমান অধ্যাদেশ সময়োপযোগী করতে নেওয়া হয় এই পদক্ষেপ। এছাড়া জনপ্রশাসনে সম্প্রতি চালু করা সরকারি কর্মসম্পাদনা ব্যবস্থাপনা পদ্ধতির (এপিএমএস) আওতায় এক বছরের কাজের লক্ষ্য অর্জনে আরও ৩৫টি মন্ত্রণালয় ও বিভাগের সঙ্গে চুক্তি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৩। সব ব্যবসায়ীকে সমান হারে ভ্যাট দিতে হবে

: অর্থমন্ত্রীর সঙ্গে আইএমএফ প্রতিনিধিদলের বৈঠক

ছোট-বড় সব ব্যবসায়ীকে সমান হারে (১৫ শতাংশ) মূল্য সংযোজন কর (ভ্যাট) দিতে হবে। নতুন ভ্যাট আইন সংশোধন করে এ বিধান নিশ্চিত করা হবে এবং তা কার্যকর হবে আগামী বছরের জুলাই থেকে। গতকাল ৯ মার্চ সোমবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে সফররত আইএমএফ প্রতিনিধি দলের বৈঠকে এ বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা জানিয়েছেন অর্থমন্ত্রী। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.২), জনকণ্ঠ (পৃ.৪,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.২)।

৪। বিশ্বমানের পণ্য উৎপাদন ছাড়া শিল্প উদ্যোগ টিকিয়ে রাখা কঠিন : শিল্পমন্ত্রী

স্বল্প শিক্ষিত যুবক ও যুব মহিলাদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) সঙ্গে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) চুক্তি স্বাক্ষর করেছে। প্রাথমিকভাবে এই চুক্তির মেয়াদ ১০ বছর। রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে গতকাল ৯ মার্চ সোমবার এ চুক্তি স্বাক্ষর হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেন, বর্তমানে বিশ্বমানের পণ্য উৎপাদন ছাড়া কোনো শিল্প উদ্যোগ টিকিয়ে রাখা কঠিন। তাই পরিবর্তিত প্রেক্ষাপটে শিল্পায়ন উদ্যোগ ক্রমেই নতুন নতুন চ্যালেঞ্জ মোকাবিলা করছে। আর এই চ্যালেঞ্জের মুখোমুখি হতে এ ধরনের চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সূত্র-ভোরের কাগজ (পৃ.২,ক.২), সমকাল (পৃ.১৮,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

৫। চলমান নাশকতায় সড়ক পরিবহণে ক্ষতি ৭০ কোটি টাকা : সংসদে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

চলমান সন্ত্রাস ও নাশকতায় গত ৩ ফেব্রুয়ারি পর্যন্ত দেশের সড়ক পরিবহণ খাতে আনুমানিক ৭০ কোটি টাকার আর্থিক ক্ষতি হয়েছে বলে সংসদে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ৯ মার্চ সোমবার সংসদে সরকারি দলের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১৯,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৬। দেশে আর কোনো বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপনের অনুমতি নয় : শিক্ষামন্ত্রী

দেশে আর কোনো বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (টিটিসি) স্থাপনের অনুমতি না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সেই সাথে এমপিওপ্রাপ্ত শিক্ষকদের সরকারি টিটিসি থেকে ডিগ্রি গ্রহণ বাধ্যতামূলক করারও চিন্তাভাবনা চলছে। সরকার মনে করছে, বেসরকারি টিটিসিগুলো শিক্ষার যথাযথ মান নিশ্চিত করছে না। বিষয়টি নিশ্চিত করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'সাধারণভাবে আমরা আর কোনো টিটিসি স্থাপনের অনুমতি দেব না। যেসব এলাকায় প্রয়োজন রয়েছে, কেবল সেইসব এলাকাতেই দেব; যেন পেশাগত শিক্ষা নিতে শিক্ষকদের কষ্ট না হয়। তবে এমন প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি পেতে কঠোর শর্ত পূরণ করতে হবে। আর যেসব এলাকায় প্রতিষ্ঠান বেশি আছে, সেখানে শুধু মানসম্পন্নগুলো বহাল থাকবে। সূত্র-যুগান্তর (শেষ পৃ., ক.২)।

৭। রেল যোগাযোগের আওতায় আসছে দেশের ৬৪ জেলা

রেলপথমন্ত্রী মুজিবুল হক বলেছেন, দেশের সব জেলা রেলওয়ে যোগাযোগের আওতায় আনার পরিকল্পনা নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে শিগগিরই আটটি জেলা এর আওতায় আসছে। পর্যায়ক্রমে বাকি জেলাগুলোকে

এর আওতায় আনা হবে। গতকাল ৯ মার্চ সোমবার জাতীয় সংসদে মন্ত্রীদের জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে রেলপথমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১৭,ক.১), জনকণ্ঠ (পৃ.৪,ক.২), সমকাল (পৃ.১৩,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.২,ক.৪)।

৮। দেশের ব্যাংকিং খাত স্থিতিশীল : কেন্দ্রীয় ব্যাংক

দেশের ব্যাংকিং খাত বর্তমানে সুদৃঢ় ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। বৈশ্বিক মন্দা-পরবর্তী প্রভাব এবং ২০১৩ সালের প্রায় পুরো সময়জুড়ে রাজনৈতিক অস্থিরতার ক্ষতি কাটিয়ে ২০১৪ সালে এ অর্জন সম্ভব হয়েছে। বাংলাদেশ ব্যাংকের সময়োচিত পদক্ষেপ ও সরকারের সহযোগিতার ফলে নেতিবাচক প্রভাব কাটিয়ে অভ্যন্তরীণ ও বহিঃখাতের আঘাত সহ্য করে উল্লেখযোগ্য সক্ষমতা অর্জন হয়েছে। গতকাল ৯ মার্চ সোমবার বাংলাদেশ ব্যাংক থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এমন তথ্য তুলে ধরা হয়েছে। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.৩)।

৯। হিমাগার প্রকল্পে নতুন ঋণ বিতরণে শর্ত শিথিল

হিমাগার প্রকল্পে নতুন ঋণ বিতরণে জামানতের শর্ত শিথিল করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক গতকাল ৯ মার্চ সোমবার এ সংক্রান্ত একটি নির্দেশনা ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে। এছাড়া হিমাগার প্রকল্প পুনর্বাসনে গত ২৯ জানুয়ারি শুধু উত্তরাঞ্চলের জন্য দেওয়া নির্দেশনাটিও সারা দেশের হিমাগার প্রকল্পের জন্য প্রযোজ্য করেছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.৩), ইত্তেফাক (পৃ.১৮,ক.২)।

১০। বাড়ছে সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স বাড়ানো হয়েছে। প্রায় ১৩ বছর পর সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স বাড়ানোর এ সিদ্ধান্ত নেওয়া হলো। ঢাকার দুই সিটি কর্পোরেশনের পাশাপাশি দেশের অন্যসব সিটি কর্পোরেশনেরও হোল্ডিং ট্যাক্স বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্প্রতি এ সংক্রান্ত গেজেট জারি করেছে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ। ঢাকাসহ দেশের সকল সিটি কর্পোরেশনে এ গেজেট বাস্তবায়নের নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৩), যুগান্তর (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : রাজধানী ঢাকার কলতাবাজার এলাকা থেকে পুলিশ সাইকেল বোমা উদ্ধার করেছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের বিভিন্ন এলাকায় নাশকতাকারীদের এসব গোপন তৎপরতা দমনে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

খ. ইত্তেফাক, সমকাল, ডেইলি স্টার : বিশ্বকাপ ক্রিকেটে ইংল্যান্ডকে হারিয়ে বাংলাদেশ ক্রিকেট দল কোয়ার্টার ফাইনালে ওঠায় অভিনন্দন জ্ঞাপন;

গ. জনকণ্ঠ : শব্দ দূষণের কারণে মানুষের শ্রবণ শক্তি হ্রাস পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে তা নিয়ন্ত্রণ করতে নিজেদের সচেতনতার পাশাপাশি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঘ. সংবাদ : স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রায় একশ মামলা সন্ত্রাসবিরোধী আইনে নেওয়ার পূর্বানুমোদন দেওয়ার কথা উল্লেখ করে এক্ষেত্রে প্রকৃত সন্ত্রাস-নৈরাজ্যের ঘটনার সাথে জড়িত অপরাধীরা যেন আইনের আওতায় আসে সেদিকে নজর রাখার সুপারিশ;

ঙ. সমকাল : ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রতিবছর নভেম্বর থেকে জুন পর্যন্ত জাটকা নিধন নিষেধাজ্ঞাকালীন উপকূলীয় আট জেলার জেলেদের কর্মসংস্থানের যে উদ্যোগ মৎস্য অধিদপ্তর নিতে যাচ্ছে তা সাধুবাদ পাওয়ার যোগ্য বলে মন্তব্য করে ইলিশক্ষেত্র হিসেবে পরিচিত নদীগুলোর স্বাস্থ্য রক্ষাতেও নীতি নির্ধারকরা মনোযোগ দেবে এই প্রত্যাশা ব্যক্ত;

চ. ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ এজ : সোয়াইন ফ্লু প্রতিরোধে আন্তর্জাতিক বিমানবন্দর, স্থলবন্দর ও নৌবন্দরসমূহে স্ক্রিনিং ব্যবস্থা জোরদার করাসহ এ ভাইরাসের ভয়াবহতা সম্পর্কে জনসচেতনতা গড়ে তোলার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : ঢাকা শহরের বেহালদশা সড়কগুলো সংস্কার করার ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : হরতাল-অবরোধের সময় ভূমি অফিসগুলোতে হামলায় ভূমি সংক্রান্ত রেকর্ডের কাগজপত্র নষ্ট হওয়ার আশঙ্কায় গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো অতিদ্রুত ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের সুপারিশ;

ঝ. নিউ নেশন : নারী জনগোষ্ঠীর সুন্দর ভবিষ্যৎ গঠনে সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস : দারিদ্র্যবিমোচনের লক্ষ্যে সোশ্যাল সেফটি নেটওয়ার্কের প্রোগ্রামগুলো (এসএসএনপি) আরও কার্যকর করার ও এসব কাজের সকল পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা আরও নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে সরকারি হস্তক্ষেপের মাধ্যমেই হোক কিংবা হরতাল-অবরোধকারীদের

আত্মোপলব্ধির মাধ্যমেই হোক এ রাজনৈতিক অচলাবস্থার অবসান হওয়া গণমানুষের প্রাণের দাবি বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'গণতন্ত্রের সৌন্দর্য বনাম জনগণের রাজনীতি' শিরোনামের নিবন্ধে এস এম মুকুল গণতন্ত্রের সৌন্দর্য রক্ষায় ধৈর্য্য, ভিন্নমত গ্রহণের সহনশীলতা, আস্থা বিশ্বাসের জন্য পারস্পরিক শ্রদ্ধাবোধ ইত্যাদি আমাদের রাজনীতিবিদদের জীবনচর্চায় উপস্থিত থাকতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা